

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএফডি সার্কুলার লেটার নংঃ ০২/২০১৬

মে ১০, ২০১৬
তারিখঃ
বৈশাখ ২৭, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ইটভাটার চুল্লীর দক্ষতা উন্নয়ন (Brick Kiln Efficiency Improvement) খাতে রিলেন্ডিং (Relending) প্রসঙ্গে।

জিবিসিএসআরডি সার্কুলার নংঃ০৩/২০১৪ তারিখ জুন ০৩,২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারে বিদ্যমান ০৪ নং ধারা নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

১) “ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে কোন একক প্রকল্পে প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত এই তহবিল হতে রিলেন্ডিং (Relending) সুবিধা প্রদান করা হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং উদ্যোক্তা যথাক্রমে কম পক্ষে ২০% ও ৩০% অর্থায়ন করবে। রিলেন্ডিং (Relending) সুবিধা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদেয় হবে”

২) এতদ্ব্যতীত এ সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল সার্কুলার ও সার্কুলার লেটার এবং বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (পিএফআই) সমূহের ইতোমধ্যে সম্পাদিত সব অংশগ্রহণ চুক্তিপত্রে উল্লেখিত “পুনঃঅর্থায়ন (Refinance)” শব্দটি “রিলেন্ডিং (Relending)” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩২০

ফ্যাক্সঃ ৯৫৩০৩২৭

E-mail: manoj.biswas@bb.org.bd